গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
নোয়াখালী।

Web : http://coop.noakhali.gov.bd/
E-mail : dco.noakhali@yahoo.com
Facebook ID : www.facebook.com/coop.noakhali
Facebook Page : www.facebook.com/cooperative.noakhali

## জেলা সমবায় কর্মকর্তা, নোয়াখালী

এবং

## যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র:


| | |
|---|---|
| জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য | ৩ |
| সমস্যা ও চ্যালেঞ্জ সমূহঃ | ৩ |
| ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ | ৪ |
| ২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ | ৪ |
| উপক্রমণিকা | ৫ |
| সেকশন ১: জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৬ |
| ১.১ রূপকল্প | ৬ |
| ১.২ অভিলক্ষ্য: | ৬ |
| ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ: | ৬ |
| ১.৩.১ জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কৌশলগত উদ্দেশ্যসমূহ: | ৬ |
| ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য: | ৬ |
| ১.৪ প্রধান কার্যাবলি: | ৬ |
| সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | ৭ |
| সেকশন ৩ : জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৮ |
| জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ১০ |
| সংযোজনী – ১ : শব্দ সংক্ষেপ | ১৩ |
| সংযোজনী - ২: কার্যসম্পাদন, কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর এবং পরিমাপ পদ্ধতির বিবরণ | ১৪ |
| সংযোজনী - ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ | ১৮ |

# জেলা সমবায় কার্যালয়,নোয়াখালী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the performance of District Co-operative Office, Noakhali.)**

### *জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর বিগত ০৩ বছরের অর্জিত সাফল্য :*

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে জেলা সমবায় দপ্তর, নোয়াখালী বিগত ০৩ বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী চর্চার মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ, সমবায়কে আরো গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সেবা সহজে ও দ্রুত প্রদানের লক্ষ্যে এ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-নথি সিস্টেমে সম্পন্ন করা, এ জেলায় উৎপাদনমুখী সমবায় সংগঠন তৈরী, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি করা, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধন/১৩) এর আলোকে এই জেলায় সেবাধর্মী সমবায় সমিতি গঠন, সমবায় সমিতি নিবন্ধন বাতিল, বার্ষিক নিরীক্ষা সম্পন্ন করা, নিরীক্ষা ফি আদায়, সিডিএফ আদায়, আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রদান, ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান, নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা, টেষ্ট অডিট সম্পাদন, টেষ্ট অডিটের আলোকে সমিতি/দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, সমবায় সমিতির নির্বাচন, নির্বাচনী আপীল/বিরোধ নিষ্পত্তি ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন রয়েছে। বিগত তিন অর্থ বছরে মোট ৩৪২ টি সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ৭০৪০ জন নতুন জনগোষ্ঠীকে সমবায় সংগঠনের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০১৭-১৮ সনে ১২৭৮ টি, ২০১৮-১৯ সনে ১২৩৮ টি এবং ২০১৯-২০ সনে ৮৪০ টি কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়েছে। ১৯,৫৮,৫৮৪/- টাকা নিরীক্ষা ফি ও নিরীক্ষা ফি এর উপর ভ্যাট হিসাবে এবং ৫১,৩৭৮/- টাকা নিবন্ধন ফি ও নিবন্ধন ফি এর উপর ভ্যাট এবং ১১,৯৫,০৭৫/- টাকা সিডিএফ আদায় করে যথাযথভাবে পরিশোধ করা হয়েছে। এছাড়া টেকসই সমবায় গঠনের নিমিত্তে ৩,০৫০ জন সমবায়ীকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৩৮৮ জন সমবায়ীকে বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায়, আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, ফেনীতে এবং জেলা সমবায় কার্যালয়, নোয়াখালীতে আয়বর্ধক(আইজিএ) উন্নত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করে স্বাবলম্বী হিসাবে গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প “ফ্যামিলী ওয়েলফেয়ার প্রকল্প” এর মাধ্যমে ৩৩ জন সমবায়ীকে ৩,৯০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। সমবায় সমিতির মাধ্যমে ৪,৭৫৭ জন (পুরুষ/মহিলা) সমবায়ীর স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। উল্লেখ্য যে, বিগত ০৩ বছরে সমবায়ে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে এ জেলার কার্যক্রমে গতিশীলতা আনয়ন, মনিটরিং জোরদার এবং ৩৭০ টি অকার্যকর সমবায় সমিতি বাতিলের উদ্যোগ গ্রহণের ফলে সমবায় সমিতির সংখ্যা এবং সদস্য সংখ্যা কিছুটা হ্রাস পেয়েছে। সমবায় সমিতি সমূহের মোট সম্পদের পরিমাণ গত তিন বছরে ১১২৬.৪৭ লক্ষ টাকা বৃদ্ধি পেয়ে মোট ৬৮১২৪.৮১ লক্ষ টাকায় পৌঁছে।

এছাড়াও বিগত তিন বছরে ১৭ টি দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতির মাধ্যমে ৪৯৬ জন মহিলা ও বেকার যুবককে দুগ্ধ উৎপাদনের সাথে সম্পৃক্ত করা হয়েছে। উক্ত ১৭ টি সমবায় সমিতির মাধ্যমে দৈনিক প্রায় ২২০০ লিটার দুগ্ধ উৎপাদন করা হচ্ছে। ০৬ টি মহিলা সমবায় সমিতির মাধ্যমে ১৪৯ জন মহিলা সদস্যকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করে তোলা হচ্ছে। এই সকল সমবায় সমিতিতে নারীরাই নেতৃত্ব দিয়ে আসছে। এতে নারীর ক্ষমতায়ন বেগবান হচ্ছে এবং সামাজিক সমস্যাসমূহ (যেমন : যৌতুক, নারী নির্যাতন) পর্যায়ক্রমে হ্রাস পাচ্ছে। এছাড়াও “রূপকল্প ২০২১”, “এসডিজি” অর্জন, এবং সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় পুনর্বাসিত পরিবারের মধ্যে ২,৫৩,৫৩,০০০/- টাকা ঋণ বিতরণ করে ১,০৬,২৭,৪৫১/- টাকা আদায় করা হয়েছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

একটি উন্নয়নশীল দেশের প্রেক্ষাপটে জেলা সমবায় দপ্তরের কাজ বাস্তবায়নে নানাবিধ সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়। এই জেলায় নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা সমবায় বিভাগীয় (কেন্দ্রীয় সহ) ১২৯১ টি ও বিআরডিবি ভুক্ত (কেন্দ্রীয় সহ) ১১০৮ টি। নানা শ্রেণী ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ সমবায় সমিতিগুলোকে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সমিতির সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায় হিসাবে গড়ে তোলা বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী।

টেকসই উন্নয়ন বৈশ্বিক পরিবর্তনের সাথে টিকে থাকার চ্যালেঞ্জে দেশকে মধ্যবর্তী আয়ের দেশে রূপান্তর ইত্যাদি চ্যালেঞ্জ বাস্তবায়নে সমিতির সদস্যদের কর্মক্ষমতা সমান নয়। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ ও প্রযুক্তিগত সীমাবদ্ধতার জন্য এই সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। যে সকল উপজেলায় আশ্রয়ণ প্রকল্প রয়েছে এবং যে সকল

উপজেলা নবসৃষ্ট(সোনাইমুড়ি,কবিরহাট,সুবর্ণচর) সেখানে বিদ্যমান জনবল দ্বারা কাঙ্খিত সেবা প্রদানে বিঘ্ন ঘটে। তাছাড়া মাঠ পর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

এছাড়াও দেশব্যাপী করোনা ভাইরাস রোগ(কোভিড-১৯) সংক্রমন বিস্তারের প্রেক্ষিতে সমবায় সমিতির সকল কার্যক্রম সীমিত পরিসরে হওয়ায়  এপিএ'র ২০১৯-২০ এর কাঙ্খিত লক্ষ্যমাত্রা সকল সূচকের মধ্য থেকে মাত্র ৩টি সূচকে শতভাগ অর্জন করা সম্ভব হয়নি।

## *ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ*

এই জেলায় সমবায় সমিতি সমূহের গুণগত মান উন্নয়ন এবং সমিতির সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। সে প্রেক্ষিতে অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতি সমূহকে পুনঃকার্যকর করার পদক্ষেপ গ্রহণ, কার্যকর না হলে নিবন্ধন বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্মকর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সেবা সহজীকরণের জন্য প্রতি সপ্তাহে ০১ দিন গণশুনানী গ্রহণ এবং ইউনিয়ন পর্যায়ে সমবায় সমিতির তথ্য প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি, উদ্যোক্তা সৃষ্টি এবং আত্মকর্মসংস্থানের পথ সুগম করা। এছাড়াও সরকারি দাপ্তরিক সেবা সহজে ও দ্রুত প্রদানের লক্ষ্যে জেলা কার্যালয় কর্তৃক স্ব-উদ্যোগে এ জেলার অধীন ৯টি উপজেলা সমবায় কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-নথি সিস্টেমে সম্পন্নের লক্ষ্যে উপজেলার জনবলকে ই-নথির প্রশিক্ষণ প্রদান করা।

সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণের জন্য সমবায়ীদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে। এছাড়া দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে এ জেলাকে দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করে তোলার কার্যক্রম এগিয়ে নেওয়া হবে। সমবায়ের মাধ্যমে মহিলাদের প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস, নারীর ক্ষমতায়ন ও নেতৃত্বের বিকাশ এবং সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মানোন্নয়নে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করা।

## *২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ*

- নুন্যতম ০৯ টি উৎপাদনমুখী সমবায় সংগঠন করা;
- সমবায় সংগঠনের মাধ্যমে ৬৩০ জনের স্ব-কর্মসংস্থান সৃষ্টি;
- ০৯ টি মডেল সমবায় সমিতি সৃজন;
- ১০৫০ জনকে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা;
- সমবায়ের ভিত্তিতে পন্য উৎপাদন ও বাজারজাতকরণে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করা;
- বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক ৯০% সমবায় সমিতির নির্বাচন, নিরীক্ষা সম্পাদিত ৯০% সমবায় সমিতির এজিএম অনুষ্ঠান এবং কার্যকর ৫০% সমবায় সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা;
- দুগ্ধ সমিতির উৎপাদন দৈনিক ২২০০ লিটার হতে ২৪০০ লিটারে উন্নীত করা;
- পরিদর্শনের মাধ্যমে ৩২৪ টি সমবায় সমিতিকে সমবায় নীতি ও আদর্শে উদ্বুদ্ধ করা, সমবায় আইন ও বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার মাধ্যমে সমবায়ীদের স্বার্থ নিশ্চিত করা;

# উপক্রমণিকা

**সরকারি দপ্তর/সংস্থা সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহত করণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর পক্ষে
জেলা সমবায় কর্মকর্তা, নোয়াখালী

এবং
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর
বিভাগীয় সমবায় কার্যালয় এর পক্ষে
যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

এর মধ্যে

২০২০ সালের জুলাই মাসের ০৭ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২০-২১) স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১: জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলিঃ

### *১.১ রূপকল্প :*

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

### *১.২ অভিলক্ষ্য:*

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### *১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:*

#### ১.৩.১ জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন;
২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;
৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন;

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

### *১.৪ প্রধান কার্যাবলি:*

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্ধুদ্ধকরণ ও সমবায় গঠন;
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;
৬. পূঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;
৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;
৮. সমবায় পন্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

****

## সেকশন-২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রনালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্ত সূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| আত্ন-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূর করে আর্থ-সামাজিক উন্নয়ন | সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | জন | ৭২৩ | ৭০৫ | ৬৩০ | ৭০০ | ৭৫০ | সমবায় বিভাগ,মহিলা ও শিশু মন্ত্রনালয়,সমাজকল্যাণ মন্ত্রনালয়,যুব ও ক্রীড়া মন্ত্রনালয় | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায় সমিতি নিরীক্ষার মাধ্যমে অনিয়ম উদঘাটন ও ব্যবস্থাপনা কমিটির জবাবদিহি নিশ্চিতকরণ | কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদিত | সংখ্যা | ৬৩৬ | ৮৪০ | ১০২৬ | ১০৮৯ | ১১৭৯ | সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়, কৃষি মন্ত্রনালয়,এলজিইডি, বিআরডিবি ও কাল্ব | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা করা | ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | % | ৯২% | ৮১% | ৯০% | ৯২% | ৯৫% | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |

## সেকশন ৩

# জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**মোট মান: ৭৫**

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | মান: ১৪ | [১.১] নিবন্ধন | [১.১.১] উদ্বুদ্ধকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৯ | ২২ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ১০ | ২০ | ২০ |
| | | | [১.১.২] নিবন্ধন প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ৭৪ | ২৪১ | ৬৩ | ৫৪ | ৪৫ | ৩৬ | ২৭ | ৭২ | ৮১ |
| | | | [১.১.৩] নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | গড় | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | [১.১.৪] উৎপাদনমূখী সমবায় সমিতি গঠিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬ | ৫ | ৯ | ৮ | ৭ | ৫ | ৪ | ৯ | ৯ |
| | | [১.২] উৎপাদনমূখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | সমষ্টি | সংখ্যা | ২ | ৭২৩ | ৭০৫ | ৬৩০ | ৫৬০ | ৪৯০ | ৪২০ | ৩৫০ | ৭০০ | ৭৫০ |
| [২] টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ | মান: ৪৩ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ৪ | ১ | ৯ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৯ | ৯ |
| | | | [২.১.২] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | সমষ্টি | তারিখ | ৪ | ১১ জুলাই | ২৫ জুলাই | ১৬ আগষ্ট | ২৬ আগষ্ট | ৩০ আগষ্ট | ০৬ সেপ্টেম্বর | ১৩ সেপ্টেম্বর | ০৮ আগষ্ট | ৩১ জুলাই |
| | | | [২.১.৩] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | -- | তারিখ | ৪ | ১৯ জুলাই | ২৫ জুলাই | ১৬ আগষ্ট | ২৬ আগষ্ট | ৩০ আগষ্ট | ০৬ সেপ্টেম্বর | ১৩ সেপ্টেম্বর | ০৮ আগষ্ট | ৩১ জুলাই |
| | | | [২.১.৪] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | -- | তারিখ | ৪ | ১৭ জুলাই | ১০ জুলাই | ১৬ আগষ্ট | ২৬ আগষ্ট | ৩০ আগষ্ট | ০৬ সেপ্টেম্বর | ১৩ সেপ্টেম্বর | ০৮ আগষ্ট | ৩১ জুলাই |
| | | [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | সমষ্টি | % | ৪ | ৯২% | ৮১% | ৯০% | ৮৫% | ৮০% | ৭৫% | ৭০% | ৯২% | ৯৫% |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | [২.২.২] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | -- | তারিখ | ৪ | ৩১ আগষ্ট | ৩১ আগষ্ট | ৩১ আগষ্ট | ৩০ সেপ্টেম্বর | ২৯ অক্টোবর | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ আগষ্ট | ৩১ জুলাই |
| | | | [২.২.৩] সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩৬৪ | ৩২৯ | ৩২৪ | ২৭৯ | ২৩৪ | ১৮৯ | ১৬২ | ৩৭০ | ৩৭৫ |
| | | | [২.২.৪] কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৬৩৬ | ৮৪০ | ১০২৬ | ৯৪৭ | ৮৬১ | ৭৮৬ | ৭১৭ | ১০৮৯ | ১১৭৯ |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদনের হার | গড় | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | | [২.২.৬] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | সমষ্টি | % | ৩ | ৬৭% | ৮২% | ৯০% | ৮৫% | ৮০% | ৭৫% | ৭০% | ৯২% | ৯৫% |
| | | [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | সমষ্টি | % | ৪ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | সমষ্টি | % | ৪ | ৯৪% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন | মান: ১৮ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৬ | ৯২৫ | ৯৫০ | ৯০০ | ৬৭৫ | ৪৫০ | ২২৫ | ০ | ১১২৫ | ১৩৫০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | % | ৬ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ৬ | ৩ | ২ | ১ | ০ | ০ | ৪ | ৫ |
| | | [৩.৪] গবেষণা ও উদ্ভাবন | [৩.৪.১] সেমিনার/কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ৩ |
| | | | [৩.৪.২] উদ্ভাবন পাইলটিং/রেপ্লিকেটিং | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ৩ |

## জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

**মোট মান: ২৫**

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০% | ৭০% | ৬০% | ৫০% | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | তারিখ | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১ | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য ( Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০% | ৯০% | ৮০% | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসুচি(এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসুচি(এডিপি)/বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০% | ৯০% | ৮০% | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০% | ৪০% | ৩০% | ২৫% | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-০২-২১ | - | - |

আমি জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর পক্ষে যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এর পক্ষে জেলা সমবায় কর্মকর্তা, নোয়াখালী এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, নোয়াখালীকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

জেলা সমবায় কর্মকর্তা
জেলা সমবায় কার্যালয়
নোয়াখালী।

০৭/০৭/২০২০
তারিখ

যুগ্ম নিবন্ধক,
বিভাগীয় সমবায় কার্যালয়
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৭/০৭/২০২০
তারিখ

# সংযোজনী – ১ : শব্দ সংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |
| ২ | টিসিভি | টাইম কস্ট ভিজিট |
| ৩ | বিসিএ/বাসএ | বাংলাদেশ সমবায় একাডেমী |
| ৪ | আসই | আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট |
| ৫ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিস্টিক্স |
| ৬ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৭ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৮ | বিআরডিবি | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড |
| ৯ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ১০ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |
| ১১ | আইজিএ | আয়বর্ধক কার্যক্রম/উদ্যোক্তা সৃজন |
| ১২ | কার্যকর | পূর্ববর্তী বছরে লেনদেন সহ যাবতীয় কার্যক্রমে সচল থাকা সমিতি |

# সংযোজনী - ২: জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর কর্মসম্পাদন সূচকসমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| [১.১] নিবন্ধন | [১.১.১] উদ্বুদ্ধকরণ সভা আয়োজিত | জনসাধারণকে সমবায় আদর্শে উদ্বুদ্ধ করার জন্য সরকারি অর্থায়নে প্রতি উপজেলা/থানায় বছরে গড়ে ন্যূনতম ২টি সভা আয়োজন করা ছাড়াও জেলা অফিস নিজস্ব ব্যবস্থাপনায় আরও ২ টি সভা আয়োজন করবে। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সরকারি বরাদ্দ না পাওয়া গেলে লক্ষ্যমাত্রা অর্জনে প্রধান কার্যালয়ের ইপিপি শাখা পদক্ষেপ গ্রহণ করবে। |
| | [১.১.২] নিবন্ধন প্রদানকৃত | প্রতি উপজেলা/থানায় বছরে গড়ে ন্যূনতম ৭ টি নতুন সমবায় সমিতি নিবন্ধন প্রদানের উদ্যোগ গ্রহণ/নাগরিকের নিকট হতে প্রাপ্ত আবেদন শতভাগ নিষ্পত্তি করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [১.১.৩] নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | নিবন্ধন আবেদন প্রাপ্তি সাপেক্ষে শতভাগ নিষ্পত্তি করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [১.১.৪] উৎপাদনমুখী সমবায় সমিতি গঠিত | জাতীয় সমবায় দিবসের প্রতিপাদ্যকে সামনে রেখে প্রতি উপজেলা/থানায় কৃষি//অকৃষি/অপ্রচলিত পণ্য উৎপাদকগণকে সংগঠিত করে বছরে ন্যূনতম ১টি নতুন সমবায় সমিতি নিবন্ধন অথবা বিদ্যমান সমবায় সমিতির সদস্যগণকে কৃষি//অকৃষি/অপ্রচলিত পণ্য উৎপাদনে উদ্বুদ্ধ করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | বিদ্যমান ও নতুন সমবায় সমিতির সদস্যদের ঋণ প্রদান ও অন্যান্য সহযোগিতার মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] মডেল সমবায় সমিতি সৃজন | প্রধান কার্যালয় হতে প্রেরিত গাইডলাইন অনুসরণ করে জেলায় বিদ্যমান সমবায় সমিতি হতে ন্যূনতম ১টি প্রাথমিক সমবায় সমিতিকে জেলা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসার এর তদারকিতে মডেল সমিতিতে রুপান্তর করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.২] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | ৩০/০৬/২০২০ তারিখের তথ্যের ভিত্তিতে যে সকল সমবায় সমিতির কার্যক্রম ০১ বছরের বেশী সময় ধরে বন্ধ আছে সে সকল সমিতিকে অকার্যকর হিসেবে তালিকাভুক্ত করে উপজেলা কার্যালয় কর্তৃক প্রণীত অকার্যকর প্রাথমিক সমিতির তালিকা একীভূত করে জেলা ভিত্তিক সংকলন। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [২.১.৩] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | ২০২০-২১ সনে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে এমন সমবায় সমিতির উপজেলা ভিত্তিক তালিকা সংকলন। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [২.১.৪] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | ৩০/০৬/২০২০ তারিখের তথ্যের ভিত্তিতে উপজেলা/থানা কার্যালয় কর্তৃক প্রণীত তালিকা জেলা অফিস কর্তৃক একীভূত আকারে সংকলন করে সংরক্ষণ । | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| [২.২] সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত /অন্তর্বর্তী কমিটি গঠিত | ২.১.৩ নং সূচকে সংকলিত নির্বাচনী ক্যালেন্ডার অনুযায়ী নির্বাচনযোগ্য কার্যকর সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান তদারক করা। এক্ষেত্রে কোন কারণে নির্বাচন অনুষ্ঠিত না হলে অনতিবিলম্বে অন্তর্বর্তী কমিটি গঠন নিশ্চিত করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [২.২.২] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | সমবায় বিধিমালা ২০০৪ এর ৫৭ বিধি অনুসরণ করে ন্যূনতম ৫০% কার্যকর সমবায় সমিতির বার্ষিক অনিরীক্ষিত আর্থিক বিবরনী ৩১ আগষ্ট এর মধ্যে প্রাপ্তি নিশ্চিত করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| [২.২] সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা | [২.২.৩] সমিতি পরিদর্শন সম্পাদিত | প্রতি জেলায় উপজেলা/থানায় বছরে গড়ে ন্যুনতম ৩৬টি সমবায় সমিতি পরিদর্শন। উপজেলা অফিস হতে প্রতিমাসে গড়ে ৩/৪টি করে বছরে ন্যুনতম ৩৬টি, জেলা অফিস হতে প্রতি উপজেলায় বছরে কমপক্ষে ১টি। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [২.২.৪] সমিতির নিরীক্ষা সম্পাদিত | সরকারী জনবল ও সম্পদের সর্বোচ্চ ব্যবহার এবং নিরীক্ষার গুণগত মান বজায় রাখার স্বার্থে কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [২.২.৫] কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ মোতাবেক নিবন্ধিত ও নিরীক্ষা যোগ্য সফল সমবায় এর নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত। ১০২৬ টি সমবায় এর নিরীক্ষা সম্পাদনের জন্য লক্ষ্যমাত্রা শতকরা হার অনুযায়ী নির্ধারণ করা হয়েছে। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [২.২.৬] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | সমবায় সমিতি আইনের ১৭(৩) ধারা অনুযায়ী নিরীক্ষা সম্পাদনকৃত সমবায় সমিতির এজিএম অনুষ্ঠান নিশ্চিত করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | সমবায় বিধিমালা ২০০৪ এর ১০৮(১) বিধি অনুসরণ করে নিরীক্ষা সম্পাদনের পরবর্তি ৩০ দিন অথবা নিরীক্ষা বছরের ৩০ জুন তারিখের মধ্যে (যাহা আগে হয়) সমিতি কর্তৃক বিধি মোতাবেক প্রদেয় নিরীক্ষা ফি শতভাগ আদায় নিশ্চিত করা। এলক্ষ্যে প্রতিমাসে সম্পাদিত অডিট নোটের ভিত্তিতে পরবর্তী মাসের ১ম সপ্তাহে উপজেলাওয়ারী আদায়যোগ্য নিরীক্ষা ফি এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | সমবায় বিধিমালা ২০০৪ এর ৮৪(২) বিধি অনুসরণ করে নিরীক্ষা সম্পাদনের পরবর্তি ৩০ দিন অথবা নিরীক্ষা বছরের ৩০ জুন তারিখের মধ্যে (যাহা আগে হয়) সমিতি কর্তৃক বিধি মোতাবেক প্রদেয় সিডিএফ শতভাগ আদায় নিশ্চিত করা। এলক্ষ্যে প্রতিমাসে | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | উপাত্তসূত্র | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| | | সম্পাদিত অডিট নোটের ভিত্তিতে পরবর্তী মাসের ১ম সপ্তাহে উপজেলাওয়ারী আদায়যোগ্য সিডিএফ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | | | | |
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমবায়ীদের স্থানীয় চাহিদা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদানুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ কর্তৃক প্রদত্ত সমবায় ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সফল সমবায়ী এবং সমবায় প্রতিষ্ঠানকে কাজের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার প্রদান | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে। |
| [৩.৪] গবেষণা ও উদ্ভাবন | [৩.৪.১] সেমিনার/কর্মশালা আয়োজিত | গুরুত্বপূর্ন বিষয়ের উপর আয়োজিত কর্মশালা | জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি নতুন সংযোজন। |
| | [৩.৪.২] উদ্ভাবন পাইলটিং/রেপ্লিকেটিং | নাগরিক সেবা সহজ করার জন্য প্রতি জেলায় কমপক্ষে ০১ টি করে জেলা কার্যালয় হতে উদ্ভাবনী ধারণা গ্রহণ ও পাইলটিং কিংবা অন্য কোন দপ্তর কর্তৃক গৃহীত উদ্ভাবনী ধারণা রেপ্লিকেটিং করা। | উপজেলা ও জেলা কার্যালয় | মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন | মাঠ পর্যায়ের সকল অফিসের প্রদত্ত তথ্যের সমষ্টি | সূচকটি অপরিবর্তিত রয়েছে |

সংযোজনী - ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তা সমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সরকারি | বিআরডিবি | [২.২.৪] নিরীক্ষা সম্পাদন | বিআরডিভি ভুক্ত সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | নিবন্ধিত সমবায় সমূহের মধ্যে ১৪ টি কেন্দ্রীয় সমবায় সমিতি বিআরডিবি আওতাভুক্ত। উক্ত সমবায় সমিতি সমূহের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনে বিআরডিবি কর্তৃপক্ষের সহযোগিতা প্রয়োজন। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, সমবায় এর বার্ষিক প্রতিবেদন ও এর কর্মকান্ডে বিরূপ প্রভাব |
| | | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | বিআরডিবি ভুক্ত সমবায় সমূহের নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ৩০, জুন তারিখের ভিতর পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | যেহেতু বিআরডিবি ভুক্ত সমবায় সমূহের নিয়ন্ত্রক সংস্থা বিআরডিবি কর্তৃপক্ষ। সেহেতু উক্ত কর্তৃপক্ষের সমবায় সমূহের উপর ধার্য্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল পরিশোধের দায়িত্ব বিআরডিবি কর্তৃপক্ষের। | শতভাগ | ধার্য্যকৃত নিরীক্ষ ফি ও সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ না করলে সরকারের রাজস্ব আহরনে এর বিরূপ প্রভাব |
| | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | | | শতভাগ | |
| বেসরকারী | কাল্ব | [২.২.৪] নিরীক্ষা সম্পাদন | কাল্বভুক্ত সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | কাল্বভুক্ত ০২ টি সমবায় সমিতির নিরীক্ষা যথাসময়ে সম্পাদনের দায়িত্ব কাল্ব কর্তৃপক্ষের। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, সমবায় এর বার্ষিক প্রতিবেদন ও এর কর্মকান্ডে বিরূপ প্রভাব |
| সরকারি | কৃষি সম্প্রসারণ/ মৎস্য ও প্রাণি সম্পদ অধিদপ্তর | [২.২.৪] নিরীক্ষা সম্পাদন | সিআইজিভুক্ত সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | কৃষি সম্প্রসারণ ও প্রাণি সম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রকল্পভুক্ত ২১০ টি নিবন্ধিত সিআইজি সমবায় সমিতির অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগীতা। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, অকার্যকর সমিতির সংখ্যা বৃদ্ধি পাওয়া এবং বার্ষিক পরিকল্পনায় বিরুপ প্রভাব |
| সরকারি | এলজিইডি | [২.২.৪] নিরীক্ষা সম্পাদন | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | এলজিইডি এর অধীনে প্রকল্পভুক্ত ১২ টি পাবসস এর অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগীতা। | শতভাগ | নিরীক্ষার হার কমে যাওয়া, অকার্যকর সমিতির সংখ্যা বৃদ্ধি পাওয়া এবং বার্ষিক পরিকল্পনায় বিরুপ প্রভাব |
| সাংবিধানিক | বাংলাদেশ নির্বাচন কমিশন | অনলাইন নিবন্ধন প্রক্রিয়া চালুকরণ | আবেদনকারী সমবায়ীদের NID যাচাই করার জন্য নির্বাচন কমিশনের ডাটাবেইজ-এ প্রবেশে সহায়াতা। | আবেদনকারী সমবায়ীদের NID যাচাই অনলাইনে সম্পাদন হলে নিবন্ধন প্রক্রিয়া সহজ এবং স্বচ্ছ হবে। | শতভাগ | অনলাইন নিবন্ধন প্রক্রিয়া চালুকরণ বাধাগ্রস্থ হবে। |

**সমাপ্ত***